দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাজারে আসলের চেয়ে নকল বই চলছে বেশি

রুবায়েত হাসান

উচ্চ মাধ্যমিক শ্রেণীর বাংলা বইয়ের নকল কপিতে বাজার ছেয়ে গেছে। এই নকল বইগুলো বাজারে এসেছে প্রায় দু'মাস আগে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড এর বিরুদ্ধে কোন ব্যবস্থাই নিতে পারেনি।

উচ্চ মাধ্যমিক শ্রেণীর 'বাংলা সংকলন' নামে পরিচিত বইটির নকল কপির শেষ মলাটে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নাম এবং দ্বিতীয় পাতায় সংকলন ও রচনাকারী হিসাবে আসল বইয়ের মতো ড. মাহবুবুল হক এবং সম্পাদনায় আবদুল মান্নান সৈয়দ-এর নাম ব্যবহার করা হয়েছে। নিচে বড় করে এনসিটিবির নামাও ছাপানো হয়েছে। আসল বাংলা বইটিতে ৩২টি গল্প ও প্রবন্ধ এবং ৩০টি কবিতা থাকলেও নকল বইটিতে মাত্র ১২টি গল্প ও প্রবন্ধ এবং ১২টি কবিতা দেয়া হয়েছে।

বিস্ময়কর ব্যাপার হলো, নকল বইটি নতুন সংযোজিত একটি প্রবন্ধ ও দুটি কবিতা নিয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রকাশিত বাংলা বইয়ের দিন পনেরো আগেই বের হয়। ফলে এটাকেই আসল বই মনে করে সবাই কিনে ফেলে। ১৩৮ পৃষ্ঠার বইটির দাম ধরা হয়েছে ষাট টাকা যেখানে আসল বইটির পৃষ্ঠা সংখ্যা ৪৮৬ এবং দাম একাত্তর টাকা। বর্তমানে নকল বাংলা বইটি শুধু ঢাকায় নয়, সারা বাংলাদেশে ছড়িয়ে পড়েছে।

## উচ্চ মাধ্যমিকের বাংলা-ইংরেজী

বইটিতে রয়েছে অসংখ্য ভুল বানান। মাঝে মাঝে কোন কোন অনুচ্ছেদও বাদ পড়েছে। সন্দেহ করা হচ্ছে, বইটি প্রকাশ করা হয়েছে বাংলাবাজার এলাকা থেকেই। বইগুলো বিভিন্ন দোকানে পাঠানোর জন্য রয়েছে কিছু যুবক। ঢাকার বাইরে নকল বইটি ভাল চলছে। ঢাকার বাংলা বাজার ও নীলক্ষেতের প্রায় সব দেকানেই নকল বইটি বিক্রি হতে দেখা গেছে।

এ ব্যাপারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সঙ্গে যোগাযোগ করলে বলা হয়, বোর্ডের নাম ব্যবহার করে নকল বইটি বের করেছে কোন অসাধু ব্যবসায়ী। এদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। বইটিতে প্রচুর ভুল রয়েছে এবং অনেক গল্প-কবিতা নেই। কিন্তু বইয়ের বাজারগুলো ঘুরে দেখা গেছে, সিলেবাস অনুযায়ী নকল বাংলা বইটিতে মাত্র কয়েকটি গল্প থাকায় এবং দাম কম বলে এটিই বেশি চলছে। অনেকে আসল নকলের পার্থক্য না বুঝতে পেরে নকল বইটি কিনছে। বরং দোকানে আসল বাংলা বইটির স্তূপ জমে গেছে, বিক্রি হচ্ছে কম। তবে এই নকল বইটিতে আসল বইয়ের আগেই নতুন তিনটি প্রবন্ধ ও কবিতা কিভাবে পাচার হয়ে গেল তাও একটি প্রশ্ন।

উল্লেখ্য, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত উচ্চ মাধ্যমিক বাংলা সংলকন বইটির সংশোধিত ও পরিমার্জিত সংস্করণ বের হয় ২০০১ সালে।

উল্লেখ্য, এইচএসসি'র ইংরেজী বইও নকল হয়েছে।